গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ১৮ এপ্রিল, ২০১৬ বিকেল ০৩.০০ ঘটিকা

স্থানঃ সচিব মহোদয়ের দপ্তর (ব্লক-০৪, কক্ষ-০৬)

সভাপতিঃ জনাব তারিক-উল-ইসলাম
সচিব, পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপ-সচিব (সমন্বয়) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত পরিকল্পনা বিভাগের কর্মপরিকল্পনা (০১ জানুয়ারি, ২০১৫ হতে ৩০ জুন, ২০১৬) এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ সাংগঠনিক ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপসচিব (সমন্বয়) বলেন যে, সংস্থা পর্যায়ে নৈতিকতা কমিটি গঠনের ক্ষেত্রে কর্মপকিল্পনায় দেখা যায় যে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানে মে, ২০১৩ মাসে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। কিন্তু লক্ষ্যমাত্রার উভয় ক্ষেত্রে ৫টি কমিটি গঠনের উল্লেখ রয়েছে। যেহেতু কমিটি গঠন করা আছে তাই লক্ষ্যমাত্রা সংশোধন করা প্রয়োজন। লক্ষ্যমাত্রায় কোন সংখ্যা থাকবে না। কেননা পরিকল্পনা বিভাগের আওতাধীন সংস্থা দুটির অধীন আরও কোন সংস্থা/প্রতিষ্ঠান নেই। | কর্মপরিকল্পনার ১.৩ –এ 'ক' 'খ' এর লক্ষ্য এর ক্ষেত্রে ৫টি এর পরিবর্তে শূন্য করে তা সংশোধন করতে হবে এবং এ সংশোধিত কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |

৪.০ সচেনতা বৃদ্ধি সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্য উদ্বুদ্ধকরণ সভা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপসচিব (সমন্বয়) জানান যে, বিগত মাসে সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগে একটি উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। আরও ২টি সভা ৩০ জুন, ২০১৬-এর মধ্যই সম্পন্ন করা হবে। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির প্রতিনিধি সভাকে জানান যে, উদ্বুদ্ধকরণ সভা এনএপিডিতে অনুষ্ঠিত হয়েছে। সবচেয়ে বড় যে সভাটি অনুষ্ঠিত হয়েছে এতে ৫৫৮ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেছিল। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি জানান যে, BIDS-এ এখনো সভা অনুষ্ঠিত হয়নি। তবে অচিরেই উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হবে। সভাপতি উদ্বুদ্ধকরণ সভা করার বিষয়টি BIDS এর DG কে জানানোর জন্য প্রতিনিধিকে অনুরোধ করেন। | পরিকল্পনা বিভাগের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আরও ২টি উদ্বুদ্ধকরণ সভা করতে হবে। BIDS কে জুন, ২০১৬ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২টি উদ্বুদ্ধকরণ সভা শেষ করতে হবে। | মহাপরিচালক BIDS এবং উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫.০ সক্ষমতা বৃদ্ধিকরণ সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়। NAPD এর প্রতিনিধি জানান যে, তাঁদের প্রশিক্ষণ কারিকুলামে শুদ্ধাচার বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করা হয়েছ এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপসচিব (সমন্বয়) বলেন যে, গত মার্চ/২০১৬ মাসে পরিকল্পনা বিভাগে প্রায় ২০০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। উকৃত প্রশিক্ষনে জাতীয় শুদ্ধাচার কৌশল ও মডিউল হিসাবে অন্তর্ভুক্ত ছিল। পরিকল্পনা বিভাগের লক্ষ্যমাত্রা ৪০০ জনকে প্রশিক্ষণ প্রদান। অবশিষ্ট ২০০ জনকে এ বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। তিনি আরও বলেন প্রশাসন শাখা-২ ও প্রশাসন অধিশাখা-৪ হতে যে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে সেখানে NIS কে মডিউল হিসাবে অন্তর্ভুক্ত করা যায়।<br>BIDS এর প্রতিনিধি জানান যে এখনও প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়নি। সভাপতি দুত এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য BIDS এর প্রতিনিধিকে অনুরোধ করেন। | পরিকল্পনা বিভাগের প্রশাসন শাখা-২ ও প্রশাসন অধিশাখা-৪ হতে যে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে সেখানে জাতীয় শুদ্ধাচার কৌশল –কে মডিউল হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে। BIDS কে সত্বর জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | মহাপরিচালক<br>BIDS<br>এবং<br>যুগ্ম-সচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ |

৬.০ বিদ্যমান আইন ও বিধি-বিধান এর সমস্যা চিহ্নিতকরণ এবং সংস্কারঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপসচিব (সমন্বয়) বলেন যে, পরিকল্পনা বিভাগের (ক্যাডার বহির্ভূত কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ তারিখ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। NAPD ও BIDS – এর অধ্যাদেশকে আইনে পরিণত করার বিষয়ে সভাপতি জানতে চান। BIDS এর প্রতিনিধি জানান যে, BIDS এর আইনটি এসআরও/ভেটিং এর জন্য বর্তমানে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে রয়েছে। NAPD এর প্রতিনিধি সভাকে জানান যে, NAPD এর আইনটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বৈঠকে উপস্থাপিত হবে। এ বিষয়ে গত ০৫/০৪/২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। | BIDS–এর আইনটি এসআরও /ভেটিং এর বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে। | মহাপরিচালক<br>BIDS<br>এবং<br>উপ-সচিব (পিটি)<br>পরিকল্পনা বিভাগ |

৭.০ কর্মকর্তাদের পুরস্কার প্রদানঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| কর্মপরিকল্পনা মোতাবেক উত্তম চর্চার জন্য কর্মকর্তাদের পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। উপ-সচিব (সমন্বয়) বলেন যে, কিভাবে পুরস্কার প্রদান করা হবে তা জানা প্রয়োজন। অতিরিক্ত সচিব বলেন, এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র লিখতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | উত্তম চর্চার জন্য কর্মকর্তাদের পুরস্কার প্রদান সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র লিখতে হবে। | উপ-সচিব (সমন্বয়)<br>পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৮.০ ই-গভর্নেন্স সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় ই-গভর্নেন্স সংক্রান্ত আলোচনায় পরিকল্পনা কমিশন চত্বরে ওয়াই-ফাই চালু বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন এ বিষয়ে দরপত্র আহবান করা হয়েছে। অচিরেই তা চালু হবে। BIDS ও NAPD এর প্রতিনিধি জানান যে, তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে ইন্টারনেট সুবিধা চালু রয়েছে। NAPD তে ওয়াই-ফাই চালু আছে। | ই-গভর্নেন্স এর আওতায় পরিকল্পনা কমিশন চত্বরে ওয়াই-ফাই চালু দ্রুত করতে হবে। | প্রকল্প পরিচালক<br>IDE প্রকল্প<br>পরিকল্পনা বিভাগ |

৯.০ অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপসচিব (সমন্বয়) জানান যে, পরিকল্পনা বিভাগে যুগ্মসচিব (বাজেট) এর সভাপতিত্বে একটি অভ্যন্তরীণ অডিট কমিটি রয়েছে। কিন্তু নিরীক্ষা কার্যক্রম সেভাবে হচ্ছে না বলে মনে হয়। এ বিষয়ে প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ কমিশন হতে প্রতিনিধি উক্ত কমিটিতে অন্তর্ভুক্তির অনুরোধ জানান। অতিরিক্ত সচিব বলেন কমিশন হতে কমিটিতে কর্মকর্তা অন্তর্ভূক্ত করা হবে। | অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটিতে পরিকল্পনা কমিশন হতে প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। | উপ-সচিব (সমন্বয়)<br>পরিকল্পনা বিভাগ |

১০.০ তথ্য অধিকার সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| তথ্য অধিকার আইন অনুযায়ী মন্ত্রণালয় ও সংস্থায় মনোনীত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের নাম, পদবী ও অন্যান্য তথ্য ওয়েব সাইটে ও পুস্তিকা আকারে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। উপসচিব (সমন্বয়) জানান যে, পরিকল্পনা বিভাগের ওয়েব সাইটে পরিকল্পনা বিভাগ/কমিশন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের নাম ঠিকানা প্রকাশ করা হয়েছে। সভাপতি বলেন এটি পুস্তিকা আকারে প্রকাশ কতে হবে। BIDS ও BAPD তে এ বিষয়ে এখন কার্যক্রম গ্রহণ করা হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়। | তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের নাম, ঠিকানা ও পদবী ওয়েব সাইটে প্রকাশ ও পুস্তিকা আকারে সত্বর প্রকাশ করতে হবে। | মহাপরিচালক<br>NAPD/BIDS<br>এবং<br>আইটি সেল<br>পরিকল্পনা বিভাগ |

১১.০ সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তারিক-উল-ইসলাম)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
পরিকল্পনা বিভাগ।